



জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org



শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২১-২০২২ অর্থ বছরে বাজেট বরাদ্দের আওতায় চট্টগ্রাম জেলার স্থায়ী অধিবাসী (চট্টগ্রাম সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকা ব্যতীত) দরিদ্র ও অসহায় শিক্ষার্থী যারা ২০২১ সালে এসএসসি/এইচএসসি/ ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। আবেদনকারীকে অবশ্যই চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ২০২১ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম অতিরিক্ত বিষয় ব্যতীত জিপিএ-৫ এবং ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২১ সালের পূর্বে বা পরে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের আবেদন বিবেচনা করা হবে না।
- ৩। আবেদনপত্রের সঙ্গে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয় বিষয়ক প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদন পত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। আবেদন পত্রের নমুনা ফরম www.zpchattogram.org ওয়েবসাইট, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলা পরিষদ, চট্টগ্রাম এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ৫। আবেদন পত্র আগামী ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অত্র কার্যালয়ে গৌছাতে হবে অর্থাৎ সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র গৃহীত হবে না।
- ৬। বিস্তারিত তথ্যাদি প্রয়োজনে জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে জানা যাবে।
- ৭। বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

(শাকিবর ইকবাল)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, চট্টগ্রাম।

স্মারক নং : জেপ/চট্ট/২০২২-৩৮৮৮ (২০০)

তারিখ : ১৩/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি :

- ১। রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার

এতদসঙ্গে প্রেরিত নমুনা ফরমে দরখাস্তসমূহ গ্রহণ ও বাছাই করে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে চট্টগ্রাম জেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- ২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আজাদী, চট্টগ্রাম। এয় নিকট প্রেরণপূর্বক বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় আগামী ১৪/১২/২০২২ খ্রিঃ তারিখ ৩ কলাম x ৬ ইঞ্চি = ১৮ ইঞ্চি কলাম পরিসরে ছাপানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, চট্টগ্রাম।



শিক্ষাবৃত্তির আবেদন ফরম : ২০২২-২০২৩

- ১। ছাত্র / ছাত্রীর নাম :
- ২। পিতা / মাতা / স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা :
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান :
- হতে জাতীয়তা সনদপত্রের মূল কপিসহ) :
- ৩। বর্তমান ঠিকানা :
- ৪। অভিভাবকের নাম : সম্পর্ক
- ৫। অভিভাবকের পেশা ও বাৎসরিক আয় :
- ৬। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম :
- ৭। অধ্যয়নরত কোর্সের নাম : শিক্ষাবর্ষ
- ৮। অধ্যয়নরত কোর্সে ভর্তির তারিখ :
- ৯। রোল নম্বর : মোবাইল নং
- ১০। বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে হলের নাম ও বিভাগ :
- ১১। সর্বশেষ পাবলিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ :
- (মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
তারিখ :

উপরে প্রদত্ত তথ্যাবলী সঠিক এবং আবেদনকারী এ প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষর
তারিখ :

বিঃ দ্রঃ ২, ৫ ও ১১ নম্বরে বর্ণিত বিষয়াদির সনদপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।